গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.২০.০০১.২০- ৫৫৩ –

তারিখ : ১২-১০-২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : Bounced Back কৃত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা MIS-এ সংশোধন প্রসংগে।

সূত্র : অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের SPFMSP প্রকল্প এর পত্রের স্মারক নং-০৭.০০০.০১৮.০১.০০.০১২.২০১৬-৮২৮, তারিখ: ০৭/০৯/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত) জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থ বছরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে অনলাইনে EFT এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণ করা হয়েছে। কিন্তু কিছু শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বরসহ যথাযথ ডাটা/তথ্য না থাকায় EFT Bounced Back হয়েছে মর্মে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের SPFMSP প্রকল্প থেকে জানানো হয়েছে। শিক্ষার্থীর EFT Bounced Back এর কারণ মন্তব্য কলামে উল্লেখ করা হয়েছে মর্মে বর্ণিত সূত্রোক্ত পত্রে অত্র অধিদপ্তরকে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এ প্রেক্ষিতে MIS চাহিত তথ্য জরুরিভাবে সংশোধন করা প্রয়োজন।

এমতাবস্থায়, আগামী ৩০/১০/২০২০ খ্রি: তারিখের মধ্যে Bounced Back কৃত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ ব্যাংক হিসাবে দ্রুত প্রেরণের লক্ষ্যে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত) MIS এ তথ্য সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.১০.২০২০
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোন: ৯৫৫৩৫৪২

তারিখ : ১২-১০-২০২০ খ্রিস্টাব্দ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বরঃ বৃত্তি/সিলেবাস/হয়থন্ড/৭৪১

তারিখঃ ১৮/১০/২০২০

Bounced Back কৃত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা MIS- এ সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মা:উ:শি) থেকে প্রাপ্ত উপরোক্ত বিজ্ঞপ্তিটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং প্রধান শিক্ষকদের অবগতি ও জ্ঞাতার্থে অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে-

১৮/১০/২০২০
প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
azamraj8486@gmail.com

১৮/১০/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০- ৫৭৫ -

তারিখ : ১২-১০-২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : **দেশের বিভিন্ন সরকারি/বেসরকারি বিদ্যালয়, কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে অধ্যায়নকারী রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস/সম্মান) পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে প্রেরণের লক্ষ্যে তথ্য এন্ট্রি ও ভুল সংশোধন সংক্রান্ত।**

সূত্র : মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১৯, তারিখ : ২২/০৫/২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে ইতোপূর্বে বিভিন্ন সময়ে বিজ্ঞপ্তি প্রচার, ইমেইল প্রেরণ ও পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি MIS এ এন্ট্রি দেয়ার অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু কিছু শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য এন্ট্রি প্রদান না করায় এবং কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রেরিত তথ্যে ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম, জেলা, পরীক্ষার সালসহ বিভিন্ন ধরনের ভুল থাকায় ২০১৯-২০২০ অর্থ বছরে সকল শিক্ষার্থীর বৃত্তির অর্থ ৩০ জুন, ২০২০-এর মধ্যে প্রেরণ করা সম্ভব হয়নি। এ প্রেক্ষিতে বর্ণিত অর্থবছরের অবশিষ্ট বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে বকেয়া অর্থ দ্রুত প্রেরণের উদ্যোগ নেয়া হয়েছে।

এমতাবস্থায়, বৈশ্বিক মহামারি তথা দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় রাজস্ব খাতভুক্ত পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস/সম্মান) পরীক্ষায় মেধা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত শিক্ষার্থীদের ২০১৯-২০২০ অর্থ বছরের বকেয়া অর্থ পরিশোধের জন্য তথ্য এন্ট্রি (যারা পূর্বে পূরণ করেনি) ও তথ্য এন্ট্রি ও ভুল সংশোধনের জন্য আগামী ২৫/১০/২০২০ খ্রি, পর্যন্ত সময় বর্ধিত করা হলো।

MIS সফটওয়্যারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :

০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
০২। পাঠবিরতি রয়েছে এরূপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া;
০৩। মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি না করা (উল্লেখ্য, উক্ত বোর্ডদ্বয় হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বোর্ড হতে বৃত্তির অর্থ প্রাপ্য হবে);
০৪। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের ক্ষেত্রে একক অথবা পিতা/মাতা/আইনসংগত অভিভাবকের সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে।
০৫। MIS-এ তথ্যাদি এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীর ব্যাংক হিসাবের অনুরূপ একক/ যৌথ নাম উল্লেখ করতে হবে;
০৬। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে;
০৭। বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮। ব্যাংক ও শাখার নাম হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
০৯। তথ্যাদি প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;

উল্লিখিত পদ্ধতি ব্যতীত কোনক্রমেই বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা যাবে না।

তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :

HSP & Scholarship MIS এর URL (লিংক) : **http://103.48.16.248:8080/HSP-MIS/login**
প্রশিক্ষণ ও অন্যান্য তথ্যের জন্য : **https://www.facebook.com/groups/spbmu**

১২.১০.২০২০
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোন: ৯৫৫৩৫৪২
তারিখ : ১২-১০-২০২০ খ্রিস্টাব্দ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর ঃ বৃত্তি/সিলেবাস/হস অন্ড/৭৪২

তারিখ ঃ ১৮/১০/২০২০

যে সকল শিক্ষাপ্রতিষ্ঠানের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অর্থ G2P পদ্ধতিতে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে প্রেরণের লক্ষ্যে তথ্য এন্ট্রি ও ভুল সংশোধন সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মা:উ:শি) থেকে প্রাপ্ত উপরোক্ত বিজ্ঞপ্তিটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং প্রধান শিক্ষকদের অবগতি ও জ্ঞাতার্থে অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে-

১৮/১০/২০২০
প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
azamraj8486@gmail.com

১৮/১০/২০২০
১৮/১০/২০২০